



কুমিল্লা

ভিক্টোরিয়া কলেজ

বহুবিধ সমস্যায় জর্জরিত

কুমিল্লা (দক্ষিণ)-সংবাদদাতা ॥ শতাধিক বছরের পুরাতন ঐতিহ্যবাহী কুমিল্লা ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয় কলেজ বহুবিধ সমস্যায় জর্জরিত। ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয় কলেজে বর্তমানে শিক্ষার্থীর সংখ্যা ১৫ হাজার তন্মধ্যে ছাত্রীর সংখ্যাই ৫ হাজার ৬ শ'। শিক্ষকের পূঁদ ১৪০টি। শিক্ষক আছেন ১০৫ জন। তাদের মধ্যে অধ্যাপক মাত্র ৭ জন। শিক্ষার্থীদের আবাসিক ব্যবস্থা আছে মাত্র ৪ শ' জনের। এর মধ্যে ছাত্রীদের ক্ষেত্রে মাত্র ১৪০ জনের আবাসিক ব্যবস্থা আছে। ছাত্রীনিবাসে কোন রুম নেই, নেই কোন নিরাপত্তা ব্যবস্থা। শহর থেকে আড়াই কিলোমিটার দূরে ধর্মপুরে অবস্থিত এই কলেজে যাতায়াত ঝুঁকিপূর্ণ এবং ব্যয়বহুল।

ক্রাস করার জন্য শিক্ষার্থীরা আগে তিন থেকে ৮ মাইল দূর থেকে তাদের যাতায়াতের জন্য কলেজের নিজস্ব বাস মাত্র একটি, আর একটি আছে ভাড়া করা

বাস। কর্তৃপক্ষের মুতে, শিক্ষার্থীদের আনা-নেয়ার জন্য অন্ততঃ ৪০টি বাস প্রয়োজন। শিক্ষক রক্ততার কারণে শিক্ষার্থীদের শিক্ষা প্রদানে বিঘ্ন ঘটছে। উল্লেখ্য, কুমিল্লা বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্র-ছাত্রীরা বিভিন্ন স্থানে জায়গীর থেকে, মেসে থেকে পড়াশুনা করে। সবচেয়ে বেকাদায় আছে

ছাত্রীরা। তারা পেয়িং গেস্ট হিসেবে কেউ বা মেস করে বিভিন্ন স্থানে অবস্থান করে উচ্চ শিক্ষা লাভ করছে। কলেজ এলাকায় মাস্তানি রথীদের দৌরাওয়া সর্বক্ষণিক। অনেক সময় দলে বেঁধে ছাত্রীনিবাসের সম্মুখে বখাটে বলে কতিথদের আড্ডা জমাতে দেখা যায়।